# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 21.08.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর হাসপাতালে কর্মরত অবস্থায় তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় আন্দোলনের তীব্রতা ক্রমশ জোরালো হচ্ছে।

হাসপাতালের নিরাপত্তা রূপারেখা স্থির করতে সি আই এফ এফ-এর ডি আই জি আজ বৈঠকে বসেছেন।

নির্যাতিতার বাড়িতে গেছেন রাজ্যপাল সি ভি আনন্দো বোস।

প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে ইডি তদন্তের দাবিতে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে।

২) জুনিয়ার ডক্টর্স-এর পক্ষ থেকে আজ স্বাস্থ্য ভবন অভিযান করা হয়। একাধিক সংগঠনও সামিল হন প্রতিবাদ বিক্ষোভে।

৩) বিজেপি আগামীকাল স্বাস্থ্যভবন অভিযানের ডাক দিয়েছে।

৪) রাজ্যের সরকারি মেডিকেল কলেজ এবং হাসপাতালগুলিতে নিরাপত্তা ব্যবস্থা সহ সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখতে রাজ্য সরকার আজ বৈঠকে বসে। বাড়ানো হচ্ছে নবান্নের নিরাপত্তা।

৫) ইস্টবেঙ্গল এবং মোহনবাগানের ডুরান্ড কাপের ম্যাচ কলকাতাতেই আয়োজন করতে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছে।

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে কর্মরত অবস্থায় তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় আন্দোলনের তীব্রতা ক্রমশ জোরালো হচ্ছে। সুপ্রিম কোর্টের নির্দেশে আজ সিআইএসএফ-এর একটি দল হাসপাতালে যায়। ডিআইজি পদ মর্যাদার আধিকারিকও ওই দলে ছিলেন। পুলিশ, হাসপাতাল কর্তৃপক্ষ এবং আন্দোলনকারীদের সঙ্গে কথা বলেন তারা।

পরে সি আই এস এফ-এর ডিআইজি লালবাজার এবং হাসপাতালে বৈঠক করেন। হাসপাতালের নিরাপত্তা ব্যবস্থার রূপরেখা স্হির করতে নতুন অধ্যক্ষের সঙ্গে কথা বলতে চান তিনি। কিছুক্ষণ আগে সুহৃতা পাল হাসপাতালে গেলে তাঁর সঙ্গে বৈঠক শুরু হয়েছে।

এদিকে, হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে আজ নিয়ে টানা ৬ দিন সিজিও কমপ্লেক্সে জেরা করা হচ্ছে। প্রথমে কলকাতা পুলিশ এবং পরে হাইকোর্টের নির্দেশে সিবিআই তদন্তভার গ্রহণ করলেও এখনও পর্যন্ত গ্রেফতারের সংখ্যা মাত্র ১। যদিও এই ঘটনায় একাধিক ব্যক্তি জড়িত থাকার অভিযোগ উঠছে। সিবিআই-এর তলবে আজ আর জি কর-এর মেডিকেল সুপার কাম ভাইস প্রিন্সিপাল এম এস ভি পি বুলবুল মুখোপাধ্যায় হাজিরা দেন। তাকেও জিজ্ঞাসাবাদ করা হয়।

অন্যদিকে, তরুণী চিকিৎসকের পরিবারের সঙ্গে সাক্ষাৎ করতে আজ তার বাড়িতে গেছেন, রাজ্যপাল সি ভি আনন্দ বোস।

oooooooooooooooooooooo

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে আর্থিক নয়ছয়ের অভিযোগে ইডি-কে দিয়ে তদন্তের দাবিতে

কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে । ওই হাসপাতালের প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলি আজ এই দাবিতে বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও আর জি করে আর্থিক দুর্নীতির অভিযোগ তুলে এক আইনজীবী, প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করলে, মামলা দায়েরের অনুমতি দেন প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম।

এদিকে, পশ্চিমবঙ্গে স্বাস্থ্য দফতরে যে দুর্নীতিগ্রস্ত ব্যক্তিদের মদত দেওয়া হয়, তা আখতার আলির আবেদন স্পষ্ট হয়ে গেছে বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। তিনি বলেন, এব্যাপারে রাজ্য সরকার কেন নিরুত্তর রয়েছে, তারও তদন্ত হওয়া উচিত।

(বাইট – অধীর)

oooooooooooooooooooooo

আর জি কর ইস্যু নিয়ে আজও সমাজের সর্বস্তরে প্রতিবাদের ঝড় উঠেছে। বিভিন্ন নাগরিক সংগঠনের পাশাপাশি বিরোধী রাজনৈতিক দলগুলিও আন্দোলনের তীব্রতা বাড়িয়েছে।

আজ সকালে সিজিও কমপ্লেক্স থেকে জুনিয়ার ডক্টর্সদের একটি বিরাট মিছিল স্বাস্থ্য ভবনে যায়। সঙ্গে সিনিয়ার চিকিৎসকরাও ছিলেন। মিছিল থেকেই হাসপাতালের নতুন অধ্যক্ষ সুহৃতা পালের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন আন্দোলনকারীরা। তাদের অভিযোগ, তিনি হাসপাতালে না এসে স্বাস্থ্য ভবন থেকে কাজ চালাচ্ছেন। ১৪ তারিখ রাথে আর জি করে দুষ্কৃতি তান্ডবের সময়ও তাঁকে খুঁজে পাওয়া যায়নি বলে, চিকিৎসকদের দাবি। ২৫ জন চিকিৎসকের একটি প্রতিনিধি দল স্বাস্থ্য শিক্ষা অধিকর্তার সঙ্গে দেখা করে আজ সন্দীপ ঘোষের বদলির নির্দেশ বাতিল সহ একাধিক দাবিতে

স্বাস্থ্যভবনে ডেপুটেশন জমা দেন। সরকারের সঙ্গে তাদের বৈঠক ফলপ্রসূ হয়নি বলে প্রতিনিধি দলের দাবি। আগামী দিনে বৃহত্তর আন্দোলনের ডাক দিয়েছেন তারা।

এদিকে, বিজেপি আজ আদালতের নির্দেশে শ্যামবাজারে পাঁচ দিনের ধর্ণা শুরু করেছে। দুপুর ১২-টা থেকে রাত ৯-টা পর্যন্ত চলবে এই কর্মসূচী। ধর্ণা মঞ্চ থেকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, রাজ্যের বর্তমান সরকারকে অপসারিত না করা পর্যন্ত বাংলার মহিলারা সুরক্ষিত নন। আর জি কর-এর ঘটনায় উপযুক্ত বিচারের পাশাপাশি প্রকৃত অপরাধিদের মৃত্যুদন্ড সুনিশ্চিত না হওয়া পর্যন্ত লড়াই চলবে । আগামীকাল দলের পক্ষ থেকে স্বাস্থ্য ভবন অভিযানের ডাক দেওয়া হয়েছে। সমাজের সর্বস্তরের মানুষকে এই কর্মসূচীতে যোগ দেওয়ার আহ্বান জানান তিনি।

এদিকে, বিজেপি-র এই স্বাস্থ্যভবন অভিযানকে কটাক্ষ করেছেন, তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুনাল ঘোষ।

(বাইট - কুনাল)

অন্যদিকে, বিজেপি-র সাংস্কৃতিক সেল আজ মৌলালী থেকে ডোরিনা ক্রসিং পর্যন্ত মশাল মিছিল করে। মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি লেখা কালো টি-শার্ট পরে মিছিলে অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি সহ অন্যান্যরা। কাশ্মীর ফাইলস্ ছবির পরিচালক বিবেক অগ্নিহোত্রীও সেখানে উপস্থিত ছিলেন। তিনি বলেন, পশ্চিমবঙ্গে ধর্ষণকে রাজনৈতিক অস্ত্র হিসেবে ব্যবহার করা হচ্ছে।

( বাইট - বিবেক অগ্নিহোত্রী)

এই ঘটনার ন্যায় বিচার ও প্রকৃত দোষীদের গ্রেফতারের দাবিতে কংগ্রেসের লাল বাজার অভিযানকে ঘিরে ধুন্ধুমার বাধে। মিছিল কলেজ স্কোয়ার থেকে যাওয়ার সময় ফিয়ার্স লেনে পুলিশ তা আটকে দিলে দলের

কর্মী সমর্থকদের সঙ্গে পুলিশের বাক্-বিতন্ডা শুরু হয়। বেধে যায় হাতাহাতি। আব্দুল মান্নান, সন্তোষ পাঠক সহ বেশ কয়েকজন কর্মী সমর্থককে আটক করা হয়।

নির্যাতিতার বাড়ি পানিহাটিতে আজ সি পি আই এম নেতা সুজন চক্রবর্তীর নেতৃত্বে প্রতিবাদ মিছিল বের হয়।

রাজারহাটে তথ্য প্রযুক্তি কর্মীরা, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামনে পড়ুয়া, হাইকোর্ট চত্বরে আইনজীবী, মিত্র ইনস্টিটিউশনের মেন গেটে প্রতিবাদী শিক্ষক, নিহত বরুণ বিশ্বাসের ছাত্র-ছাত্রীরা কোন রকম রাজনৈতিক ব্যানার ছাড়াই প্রতিবাদে বিক্ষোভ সামিল হন।

বিভিন্ন জেলা থেকেও একাধিক মিছিল, জমায়েত, অবস্থান বিক্ষোভে খবর মিলিছে।

oooooooooooooooooooooo

রাজ্যের সরকারি মেডিকেল কলেজ এবং হাসপাতালগুলিতে নিরাপত্তা ব্যবস্থা সহ সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখতে রাজ্য সরকার আজ বৈঠকে বসে। স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ভার্চুয়ালি রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজের অধ্যক্ষ এবং বিভাগীয় প্রধানদের সঙ্গে এই বৈঠক করেন। আরজি কর-এর ঘটনার পর হাসপাতালগুলির নিরাপত্তা ব্যবস্থা সহ বিভিন্ন বিষয়ে গতকাল সুপ্রিম কোর্টের দেওয়া রায়ের ভিত্তিতে এই বৈঠকে কথা হয়েছে বলে জানা গেছে।

oooooooooooooooooooooo

আর জি কর-এর ঘটনার পর রাজ্যের অন্যান্য মেডিক্যাল কলেজগুলিতেও কোনও আর্থিক অনিয়ম রয়েছে কিনা রাজ্য সরকার তা খতিয়ে দেখছে। স্বরাষ্ট্র দফতর ইতিমধ্যে আর্থিক অনিয়মের কোন অভিযোগ উঠেছে কিনা সে বিষয়ে স্বাস্থ্য দফতরের কাছ থেকে রিপোর্ট তলব করেছে। টেন্ডার বন্টন বা নতুন নির্মাণের বরাত দেওয়ার সময় সতর্ক থাকতে বলা হয়েছে।

বিভিন্ন মেডিক্যাল কলেজে ওষুধ, রোগীদের খাবার, নির্মাণ কাজ বা মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার টেন্ডার ঘিরে হাসপাতালের কর্তাদের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ ওঠায়, এই ধরনের টেন্ডার কারা পেয়েছেন, কোন পদ্ধতিতে তা বিলি হয়েছে এবং নথিপত্র ঠিকঠাক রয়েছে কি না সে বিষয়ে সবিস্তারে খোঁজ নিতে বলা হয়েছে। কোনরকম অনিয়মের তথ্য ধরা পড়লে তৎক্ষণাৎ স্বরাষ্ট্র দফতরকে জানাতে হবে।

oooooooooooooooooooooo

আর জি কর-এর ঘটনার প্রেক্ষিতে বিভিন্ন দিকে আন্দোলন ছড়িয়ে পড়ায় রাজ্য সরকার, সচিবালয় নবান্নের নিরাপত্তা বৃদ্ধি করেছে। ইতিমধ্যে বেশ কয়েকটি সংগঠনের তরফে নবান্ন অভিযানের ডাক দেওয়ায় আজ থেকেই সেখানকার নিরাপত্তায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। নবান্নের ভিতরে প্রবেশের ক্ষেত্রে সকলকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানা গেছে।।

oooooooooooooooooooo

কলকাতার দুই প্রধান ফুটবল ক্লাব ইস্টবেঙ্গল এবং মোহনবাগানের ডুরান্ড কাপের ম্যাচ পুনরায় যাতে কলকাতাতেই আয়োজন করা যায় তার

আবেদন জানিয়ে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন এর সভাপতি কল্যাণ চৌবে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছেন। দুই প্রধান ক্লাবের ডার্বি ম্যাচের বহু ইতিহাস রয়েছে বলে চিঠিতে উল্লেখ করে ডুরান্ড কাপের বাকি ম্যাচ কলকাতায় ফেরাতে তিনি মুখ্যমন্ত্রীকে দায়িত্ব নেওয়ার আবেদন জানিয়েছেন।

উল্লেখ্য আরজিকর কাণ্ডের জেরে নিরাপত্তা জনিত কারণে গত ১৮ই আগস্ট যুবভারতী ক্রীড়াঙ্গনে ডুরান্ড কাপের গ্রুপ লিগের ডার্বি ম্যাচ বাতিল করা হয়েছিল। তবে,

সেমিফাইনাল ও ফাইনাল যুব ভারতী ক্রীড়াঙ্গাণে আয়োজন করার অনুমতি দিয়েছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিলং এর জওহরলাল নেহেরু স্টেডিয়ামে আজ সন্ধ্যায় ডুরান্ড কাপের কোয়ার্টার ফাইনালে ইস্টবেঙ্গল, শিলং লাজং এফসির মুখোমুখি হয়েছে। বিরতিতে লাজং ১-০ গোলে এগিয়ে আছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের মহাকাশ গবেষণা ও তার সাফল্যকে বিশ্ববাসীর কাছে তুলে ধরতে, ২৩ শে আগস্ট দিনটিকে জাতীয় মহাকাশ দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে।

২০২৩-এর ২৩ শে আগস্ট ভারত পৃথিবীর চতুর্থ দেশ হিসেবে চন্দ্রাভিযানে সফল হয়। ভারতই প্রথম দেশ যাদের চন্দ্রযান চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করে। কলকাতার বিড়লা তারামণ্ডলের প্রাক্তন অধিকর্তা ডঃ

দেবীপ্রসাদ দুয়ারী বললেন, ভারত শিল্পে,বাণিজ্যে, যোগাযোগ ব্যবস্থায় প্রভূত উন্নতি করেছে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo